

## ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

প্রশ্ন: আমাদের কিছু মুসলিম ভাই সূর্যোদয়ের আগ পর্যন্ত রমজান মাসের আগমন সম্পর্কে জানতে পারেননি। জানার পর থেকে তারা রোজা থেকেছেন। এই রোজা কি তাদের জন্য যথেষ্ট হবে, নাকি তাদেরকে এর বদলে কাযা রোজা রাখতে হবে?

## উত্তর:

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

সংবাদপ্রাপ্তির পর থেকে দিনের বাকি অংশ রোজা-ভঙ্গকারী বিষয়সমূহ থেকে বিরত থেকে তাঁরা সঠিক কাজটি করেছেন। তবে সেই দিনের বদলে তাদেরকে আরেকটি রোযা কাযা করতে হবে। [গবেষণা ও ফাত্ওয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (১০/২৪৫)]

সেই দিনের পরিবর্তে আরেকটি রোজা কাযা করা ওয়াজিব হওয়ার কারণ হল, তারা রাত থেকে রোজার নিয়্যত করেননি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

" من لم يُجمع الصيام قبل الفجر فلا صيام له "

"যে ব্যক্তি ফজরের পূর্ব হতে রোজার (ফরজ রোজা) নিয়্যত বাঁধেনি তার রোজা হবে না।" [মুসনাদে আহমাদ (৬/২৮৭), সুনানে আবু দাউদ (২৪৫৪), জামে তিরমিযি (৭৩০), সুনানে নাসাঈ (২৩৩১), আল-আলবানী 'সহীহ আবু দাউদ' (২১৪৩) গ্রন্থে হাদিসটিকে সহীহ আখ্যায়িত করেছেন]

## ফুটনোট

http://islamqa.info/bn/26813

Source — https://www.hadithbd.com/books/link/?id=4506

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন